বিএনপি নেতাদের প্রত্যাখ্যান, স্বাগত জানিয়েছে আওয়ামী লীগ

আাগমী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল সন্ধ্যায় প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আওয়াল এ তফসিল ঘোষণা করেন।

তফসিল ঘোষণাকে কেন্দ্র করে আওয়ামী লীগের পক্ষ থেকে স্বাগত জানিয়ে আনন্দ মিছিল করা হয়েছে। বিএনপি নেতারা প্রত্যাখ্যান করেছেন।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, ‘সরকারের নীল নকশা বাস্তবায়ন করার লক্ষ্য নিয়ে নির্বাচন কমিশন এই তফসিল ঘোষণা করেছে। আমরা ঘৃণা ভরে এই তফসিল প্রত্যাখ্যান করছি। জনগণকে সাথে নিয়ে আমরা এই নীল নকশাকে প্রতিহত করব এবং মানুষের ভোটের অধিকার ফিরিয়ে আনব।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু বলেন,’ আমরা এই তফসিলকে সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করছ। আমরা এই তফসিল মানি না । তফসিলের বিরুদ্ধে আমরা আমাদের কেন্দ্রীয় কর্মসূচি পালন করছি এবং মেহেরপুর জেলা বিএনপির পক্ষ থেকে এই তফসিল কে আমরা প্রতিহত করব।’

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মিয়াজান আলী বলেন, ‘তফসিল ঘোষণা করাতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে আমি নির্বাচন কমিশনের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সকলের অংশগ্রহণে নির্বাচন সুষ্ঠু ও সুন্দর ভাবে বলে আশা করছি। বিএনপি জামায়াতের কোন অপচেষ্টাতেই আসন্ন নির্বাচন বানচাল হওয়া সম্ভাবনা নেই। তারা অবরোধ দেখে নিজেই মাঠে থাকে না হঠাৎ কোনো নাশকতা করে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করে। ‘

জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন বলেন, ‘সংবিধানের যে নিয়ম এই নিয়মের ধারাবাহিকতা রক্ষা করে আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল তার স্বাভাবিক প্রক্রিয়ায় এসেছে। এটা একটি সাংবিধানিক প্রক্রিয়া। আমরা মনে করি এই তফশীল মেনে একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষা হবে।

আমরা বিশ্বাস করি জনগণ যদি পরিবর্তনের প্রয়োজন মনে করে, এই নির্বাচনের মাধ্যমেই তারা পরিবর্তন করবে। বাংলাদেশ আওয়ামী লীগ জনগণের মধ্য থেকে উঠে আসা এবং জনগণকে নিয়েই দাবি আদায় করা একটি বৃহৎ রাজনৈতিক দল। বিএনপি জামায়াত যদি নির্বাচন প্রতিহত করার চেষ্টা করে তবে বাংলাদেশ আওয়ামী লীগ জনগণকে সাথে নিয়েই তা প্রতিহত করবে। ‘

মেহেরপুর-২ সংসদীয় আসনের সংসদ সদস্য মোহাঃ সাহিদুজ্জামান খোকন বলেন, আজকে জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষিত হয়েছে। এটা জাতির জীবনে প্রত্যাশিত একটি দিন। সমগ্র জাতি এই দিনটির জন্য অপেক্ষা করছিল। দ্বাদশ জাতীয় সংসদের নির্বাচনের তফশিল নিয়ে সকলে উদ্বিগ্ন ছিল কখন এই তফসিলটি ঘোষণা হবে। সমগ্র বাংলাদেশের মানুষ এই তফশিল ঘোষণার পরে স্বস্তির নিঃশ্বাস ফেলেছে এবং আনন্দিত হয়েছে। আশা করছি আগামী সংসদ নির্বাচন সকল দলের অংশগ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠিত হবে এটা আমাদের প্রত্যাশা। এবং সেই নির্বাচনে জনগণ নৌকার পক্ষেই মত দেবে বলে আমি বিশ্বাস করি।

জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান বলেন, সংবিধান সমুন্নত রেখে নির্বাচন কমিশন জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণা করেছে। আমি এ ঘোষণাকে স্বাগত জানাচ্ছি।

প্রতিক্রিয়া জানার জন্য জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদকে ফোন দিয়ে ফোনটি বন্ধ পাওয়া যায়। তাই বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ প্রবর্তিত সকল উপজেলা পুনরায় মুন্সেফ কোর্ট চালু করতে হবে এই প্রতিপাদ্য সামনে রেখে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আলোচনা সভার আয়োজন করে।

আজ সোমবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি

অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক সহরাব হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোসলেম আলী।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওহাব আলী, নজরুল ইসলাম, বারেক আলী, লালচাঁদ আলী সহ বিভিন্ন নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোসলেম আলী বলেন আজকে এই দিনে (২৩ অক্টোবর) আমাদের নেতা হুসেইন মুহম্মদ এরশাদ বাংলার বুকে উপজেলা প্রতিষ্ঠিত করেছিল বাংলার মেহনতি মানুষের জন্য বাংলার আপমর জনসাধারণের জন্য। আমার নেতার সরকারের আমলে আহানাহানি ছিলনা, মারামারি ছিলনা, হিংসা-বিদ্বেষ ছিলনা।

তিনি আরো বলেন হুসেইন মুহম্মদ এরশাদের আমলে উপজেলাতে বিচারিক আদালত ছিল। যে সরকারি আসুক আমাদের উপজেলা পদ্ধতি অবিলম্বে চালু করতে হবে। তা না হলে যে সরকারি আসুক উপজেলা পদ্ধতি যদি চালু না করে তাহলে আমরা আমরণ সংগ্রাম করব উপজেলা পরিষদ চালু করার জন্য।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির দ্বিবার্ষিক সম্মেলন

মেহেরপুর জেলা জাতীয় পার্টি দ্বিবার্ষিক সম্মেলনের আয়োজন করা হয়। রবিবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে জেলা জাতীয় পার্টি দ্বিবার্ষিক সম্মেলনের আয়োজন করা হয়।

জেলা জাতীয় পার্টি আহবায়ক আব্দুল হামিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় পার্টি কেন্দ্রীয়

কমিটির প্রেসিডিয়াম সদস্য মীর আব্দুস সবুর আসুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় কমিটি কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান মোবারক হোসেন আজাদ, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম মহাসচিব গোলাম মোহাম্মদ রাজু, বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির যুগ্ন দপ্তর সম্পাদক সমরেস মন্ডল মানিক, বাংলাদেশ জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য শেখ হুমায়ুন কবির শাওন, চুয়াডাঙ্গা জেলা জাতীয় পার্টি আহ্বায়ক এ্যাড. সহরাব হোসেন।

সম্মানিত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মেহেদী হাসান শিপন, মেহেরপুর জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক আব্দুল হাদী।

জেলা জাতীয় পার্টি দ্বিবার্ষিক সম্মেলন সঞ্চালনা করেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ন আহবায়ক কেতাব আলী ও জেলা জাতীয় পার্টি সদস্য আব্দুল মান্নান।

এছাড়াও মেহেরপুর জেলা উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের জাতীয় পার্টি বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

৬৮ হাজার গ্রাম বাঁচলে বাংলাদেশ বাঁচতে এই প্রতিপাদ্য সামনে রেখে মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ শনিবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক কমিশনার ও জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মোঃ মোসলেম আলী।

প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা মোঃ মামলত হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা নজরুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় পার্টি নেতা সোহরাব হোসেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির সদস্য লাল চাঁদ মিয়া, ওহাব মিয়া, লুৎফর রহমান সহ বিভিন্ন নেতা কর্মীবৃন্দ।

সাবেক কমিশনার ও জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মোঃ মোসলেম আলী তিনি মেহেরপুর প্রতিদিন কে জানান যে তৃণমূল নেতাকর্মীরা এমপি প্রার্থী হিসেবে তার নাম কেন্দ্রে প্রস্তাব করেছে।

মেহেরপুরে এমএএস ইমনের পথসভা ও গণসংযোগ

মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনয়ন প্রত্যাশী মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমন সরকারের উন্নয়ন তুলে ধরতে বুড়িপোতা ইউনিয়নের কয়েকটি গ্রামে সংক্ষিপ্ত পথসভা ও ব্যাপক গণসংযোগ চালিয়েছেন।

এসময় তার সাথে ছিলেন, মেহেরপুর পৌর আওয়ামীলীগের নেতা বেলাল হোসেন, ফরদি হোসেন, আমঝুপি ইউপি সদস্য ছানাউল্লাহ ছানা, বুড়িপোতা ইউপি সদস্য ওসায়েদ হোসেন, ছাত্রলীগ নেতা ইব্রাহিম হোসেনসহ অন্যান্যরা।

গতকাল শুক্রবার সন্ধ্যা থেকে রাত ১০ টা পর্যন্ত বুড়িপোতা ইউনিয়নের বুড়িপোতা, শালিকা ও গুচ্ছগ্রামে ব্যাপক গণসংযোগ চালান। এসময় নৌকার পক্ষে পথে পথে ভোট চান তিনি।

এসময় তিনি বিভিন্ন স্থানে পথসভায় সংক্ষিপ্ত আকারে বক্তব্য রাখেন। পথ সভায় এমএএস ইমন বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের

সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এই নির্বাচনে। এই নির্বাচন সকলের জন্য একটি পরীক্ষা। মাটি ও পতাকাকে ভালোবাসলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে পূনরায় ক্ষমতায় আনতে হবে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শোক র্যালি

নানা আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।
আয়োজনের মধ্য ছিল গাংনী বাসস্ট্যান্ড শহীদ রেজাউল চত্তরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলণ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ, শোক র্যালি, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও কাঙ্গালী ভোজ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে গাংনীতে স্বরণকালের সর্ববৃহৎ শোক র্যালি অনুষ্ঠিত হয়।

এর আগে উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে গাংনী বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি ও তরুণ রাজনীতিক শাহিদুজ্জামান শিপু।

এসময় উপস্থিত ছিলেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, এমপি পত্নি ও মহিলা আওয়ামীলীগের নেত্রী লাইলা আরজুমান বানু, গাংনী

উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামীলীগ নেত্রী আল্পনা, ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগর, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল।

এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। শোক র্যালি শেষে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ শেষে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

গাংনীতে একই মঞ্চে আওয়ামীলীগ-বিএনপি নেতৃবৃন্দ

মহাসমাবেশ ও শান্তি সমাবেশকে ঘিরে যখন রাজধানীসহ বিভিন্ন জেলা- উপজেলায় চলছে সংঘর্ষ, সহিংসতা, বাসে আগুন দেওয়া হয়েছে। তখন মেহেরপুরের গাংনীতে একই মঞ্চে মিলিত হলেন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির নেতারা। এক মঞ্চে বসে তারা অঙ্গীকার করলেন সহিংসতার পথে না গিয়ে মেনে চলবেন নির্বাচনী আচরণ বিধি।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী উপজেলা শাখা সব রাজনৈতিক দলের নেতাদের এক মঞ্চে বসার আয়োজন করে।

মঞ্চে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার ও প্রচারনা সম্পাদক প্রভাষক মহিবুর রহমান মিন্টু, পৌর আওয়ামীলীগের সাস্কৃতিক সম্পাদক আজিজুল হক রানু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, আল্পনা আক্তার। গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির নেতা আব্দাল হক। জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক আব্দুল লতিব উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সমন্বয়ক প্রভাসক রফিকুল ইসলাম বকুল, করমদী ডিগ্রী কলেজের প্রভাসক এএসএম সায়েম পল্টু, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক প্রমুখ।

গতকাল রবিবার দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে এই আয়োজন করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের প্রোগ্রাম অফিসার গিয়াস উদ্দীন, গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন। উপস্থিত নেতৃবৃন্দ বলেন, জাতীয় পর্যায়ে যাই হোক আমরা স্থানীয়ভাবে শান্তিপূর্ণ অবস্থান তৈরী করবো। সহিংসতা পরিহার করে শান্তিপূর্ণ অবস্থানে থাকবো।

মেহেরপুরে হুসাইন মুহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি হুসাইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

১৪ জুলাই শুক্রবার বিকাল পাঁচটায় মেহেরপুর পুরাতন বাস টার্মিনাল এলাকার দলীয় কার্যালয়ে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আয়োজনে এই আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

আব্দুল মান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ।

এছাড়া আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে সদর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক কুতুব উদ্দিন, আব্দুল লতিফ, মামলত হোসেন, আখতারুল ইসলাম, সিরাজুল ইসলাম, নজরুল ইসলাম প্রমুখ। এ সময় জেলা জাতীয় পার্টির বিভিন্ন ইউনিটের কর্মীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলি বাসস্ট্যান্ডে হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম এর সঞ্চালনায় মেহেরপুর জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক আব্দুল হাদীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মৎস্যজীবী পার্টি যুগ্ম সম্পাদক আব্দুল বাকি।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি সুমন পারভেজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি খেলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলার সভাপতি মেহেরপুর জেলার সভাপতি রনি হোসেন, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলার সভাপতি মাহমুদুল হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, মইনুল ইসলাম, মোঃ সোহেল, মো: ডালিম সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিল।

এ সময় জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসেইন মুহম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও

মোনাজাত করা হয়।

মেহেরপুরে এরশাদের চতুর্থতম মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা সাবেক প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১০ জুলাই) বেলা ১১ টার সময় জাতীয় পার্টির মেহেরপুর জেলা কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন, সদর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক কুতুব উদ্দীন, সদস্য সচিব নজরুল ইসলাম, জেলা আহবায়ক কমিটির সদস্য আব্দুল মান্নান ও এনামুল হক, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক সিরাজুল ইসলাম, জেলা কৃষক পার্টির আহবায়ক আব্দুল গফুর, মেহেরপুর পৌর জাতীয় পার্টির আহবায়ক আক্তারুল ইসলাম, যুগ্ম আহবায়ক আসালত মিয়া ও তরিকুল ইসলাম, স্বেচ্ছাসেবক পার্টির আহবায়ক মামলত হোসেন প্রমুখ।

আগামি ১৪ জুলাই পার্টির প্রয়াত চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী পালন করা হবে।